



একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
e-mail: director.edu.raj@gmail.com
web: www.dshe.rajshahidiv.gov.bd



স্মারক নং: মাউশি/রাজ/২০২০/১২১৯

২৬ জ্যেষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ: _____
০৯ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীবৃন্দের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২.৩৩৪(৪) ; তারিখ: ১১/০৩/২০২০ খ্রি.
(২) মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২.৪২৭(৯) ; তারিখ: ০৪/০৬/২০২০ খ্রি.

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরে ১২ মাসের জন্য এসএসসি পাস হতে অনার্স/স্নাতক পাস পর্যন্ত নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী(হিন্দ)/বৌদ্ধ/খ্রীষ্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিন্টিক ব্যতীত)/উপজাতীয় (ক্ষুদ্র-গৃ-গোষ্ঠী) উপবৃত্তি পাওয়ার যোগ্য শিক্ষার্থীবৃন্দের তালিকা চূড়ান্ত করা হয়েছে।

- ২। চূড়ান্ত নির্বাচিত শিক্ষার্থীবৃন্দের তালিকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে আগামী ১১/০৬/২০২০ তারিখের মধ্যে অবহিত করা এবং পত্রের নির্দেশনা মোতাবেক তাদের ব্যাংক একাউন্ট খোলার জন্য নির্দেশনা প্রদান করতে হবে;
- ৩। সংযুক্ত এক্সেল ফরমেট (Calibri ফন্ট) অনুযায়ী তথ্যাদি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে সংগ্রহপূর্বক আগামী ১৪/০৬/২০২০ খ্রি. তারিখ বেলা ২.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে প্রেরণ করার অনুরোধ করা হলো।

- সংযুক্তি: (১) চূড়ান্ত মনোনীত শিক্ষার্থীদের তালিকা (এক্সেল সিট- পরিচালকের কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে; ওয়েবসাইট: www.dshe.rajshahidiv.gov.bd) ;
(২) উপবৃত্তি সংক্রান্ত শর্তাবলী ও নিয়মাবলী ০২ (দুই) পৃষ্ঠা ;
(৩) চূড়ান্ত মনোনীত শিক্ষার্থীদের তথ্যাদি প্রেরণের এক্সেল সিট।
(৪) উপবৃত্তির হার সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের পত্র ০৩ (তিন) পৃষ্ঠা।

১১/০৬/২০২০

(প্রফেসর ড. মোঃ কামাল হোসেন-৯৬৬১)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮

জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল

স্মারক নং: মাউশি/রাজ/২০২০/১২১৯

তারিখ: ০৯/০৬/২০২০ খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপপরিচালক, এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট, মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

০২। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয় (পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং সংযুক্ত ফরমেট অনুযায়ী তথ্যাদি আগামী ১৪/০৬/২০২০ খ্রি. বেলা ২.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। অধ্যক্ষ, (পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক প্রেরিত ফরমেট অনুযায়ী তথ্যাদি চাহিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণের অনুরোধসহ; পরিচালকের কার্যালয়ে তথ্যাদি প্রেরণের প্রয়োজন নেই)

০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল (পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং জেলা শিক্ষা অফিস কর্তৃক প্রেরিত ফরমেট অনুযায়ী তথ্যাদি চাহিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে প্রেরণের অনুরোধসহ; পরিচালকের কার্যালয়ে তথ্যাদি প্রেরণের প্রয়োজন নেই)

০৫। সংরক্ষণ নথি।

১১/০৬/২০২০

(প্রফেসর ড. মোঃ কামাল হোসেন-৯৬৬১)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী